গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, নিবন্ধন অধিদপ্তর

# সাব-রেজিস্ট্রারের কার্যালয়, তজুমদ্দিন, ভোলা

www.sr.tazumuddin.bhola.gov.bd

## নিবন্ধন ফিস, স্ট্যাম্প শুল্ক ও করাদির বিস্তারিত তালিকা

| ক্রঃ নং | দলিলের শ্রেণি | স্ট্যাম্প শুল্কের হার | নিবন্ধন ফির পরিমাণ | স্থানীয় সরকার কর, উৎস কর ও ভ্যাট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | কবলা বা বিক্রয় দলিল | ১.৫% তবে সর্বোচ্চ ২ কোটি | ১% তবে সর্বনিম্ন ১০০ টাকা। | স্থানীয় সরকার কর = ৩%<br>*উৎস কর প্রযোজ্য ।<br>**ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে) | *পৌরসভাভুক্ত সম্পত্তি হইলে ৪% এবং এর বাইরে হইলে ২%। এছাড়া বাণিজ্যিক উদ্দেশ্যে ভূমি/প্লট হস্তান্তর কালে আয়কর আইন, ২০২৩ -এর ধারা ১২৬ অনুসারে উৎসে আয়কর অতিরিক্ত ৩% প্রযোজ্য হইবে। আর ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে আবাসিক হলে প্রতি বর্গমিটার ৩০০ টাকা ও অনাবাসিক হইলে প্রতি বর্গমিটার ১০০০ টাকা হারে ১২৬ ধারায় অতিরিক্ত উৎস কর প্রযোজ্য হইবে।<br>**বাণিজ্যিক উদ্দেশ্যে ভূমি/প্লট হস্তান্তর কালে ভ্যাট ২% প্রযোজ্য হইবে। এছাড়া ১-১৬০০ বর্গফুট পর্যন্ত ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে সমুদয় মূল্যের ২% আর ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে ৪.৫% হারে ভ্যাট প্রযোজ্য। অধিকিন্তু আকার নির্বিশেষে প্রথমবার ব্যতীত বিক্রয় বা হস্তান্তরের জন্য পুনঃরেজিস্ট্রেশনের ক্ষেত্রে ২% ভ্যাট প্রযোজ্য হইবে।<br>বিশেষ দ্রষ্টব্যঃ (১) উৎস কর ও ভ্যাটের হার এলাকাভেদে ভিন্নতা রহিয়াছে।<br>বিশেষ দ্রষ্টব্যঃ (২) পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ১০ লক্ষাধিক টাকা মূল্যের সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে দাতা ও গ্রহীতা উভয়ের আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক উপস্থাপন করিতে হইবে। |
| ২. | এওয়াজ বা বিনিময় দলিল | ১% তবে সর্বোচ্চ ১ কোটি | ১% তবে সর্বনিম্ন ১০০ টাকা। | প্রযোজ্য ক্ষেত্রে কবলা দলিলের ন্যায় | প্রযোজ্য ক্ষেত্রে কবলা দলিলের ন্যায় |
| ৩. | *হেবার ঘোষণা বা দানের ঘোষণা | ১০০০/- | ১০০/- | প্রযোজ্য নয় | *মুসলমান, হিন্দু, খ্রিস্টান ও বৌদ্ধ ধর্মাবলম্বীগণের ব্যক্তিগত আইন অনুযায়ী এইরূপ হেবা বা দানের ঘোষণা স্বামী-স্ত্রী, পিতা-মাতা ও সন্তান, দাদা-দাদী (নানা-নানী) ও নাতি-নাতনি, সহোদর ভ্রাতা, সহোদর ভগিনী এবং সহোদর ভ্রাতা-সহোদর ভগিনীগণের মধ্যে সৃষ্ট হইবে । |
| ৪. | বণ্টননামা | ১০০/- | * এ ফিস প্রযোজ্য | প্রযোজ্য নয় | *সম্পত্তির মূল্য অনূর্ধ্ব তিন লাখ টাকা হইলে ৫০০/- টাকা, তিন লাখ টাকার উর্ধ্বে এবং অনূর্ধ্ব দশ লাখ টাকা হইলে ৭০০/- টাকা, দশ লাখ টাকার উর্ধ্বে এবং অনূর্ধ্ব ত্রিশ লাখ টাকা হইলে ১২০০/- টাকা, ত্রিশ লাখ টাকার উর্ধ্বে এবং অনূর্ধ্ব পঞ্চাশ লাখ টাকা হইলে ১৮০০/- টাকা, পঞ্চাশ লাখ টাকার উর্ধ্বে হইলে ২০০০/- টাকা এ ফিস প্রযোজ্য । |
| ৫. | বিক্রয় চুক্তি বা বায়না দলিল | ৩০০/- | * এ ফিস প্রযোজ্য | প্রযোজ্য নয়। | *অনূর্ধ্ব পাঁচ লাখ টাকা হইলে ৫০০/- টাকা, পাঁচ লাখ টাকার উর্ধ্বে কিন্তু অনূর্ধ্ব পঞ্চাশ লাখ টাকা হইলে ১০০০/- টাকা, পঞ্চাশ লাখ টাকার উর্ধ্বে হইলে ২০০০/- টাকা এ ফিস প্রযোজ্য । |
| ৬. | দানপত্র বা হেবা বিল এওয়াজ | ১.৫% | ১% তবে সর্বনিম্ন ১০০ টাকা। | স্থানীয় সরকার কর বিক্রয় দলিলের ন্যায় প্রযোজ্য | বিঃ দ্রঃ (১) উৎস কর ও ভ্যাট প্রযোজ্য নয়। তবে দেনমোহরের বিনিময়ে সম্পত্তি হস্তান্তর হইলে উৎস কর প্রযোজ্য হইবে। |
| ৭. | বন্ধকী দলিল (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান) | *স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য | **এ ফিস প্রযোজ্য | প্রযোজ্য নয় | *অনূর্ধ্ব ৫০ লাখ টাকা হইলে ২০০০/-, ৫০ লাখের উর্ধ্বে কিন্তু অনূর্ধ্ব ১ কোটি টাকা হইলে ৫০০০/-, ১ কোটি টাকার উর্ধ্বে হইলে প্রথম ১ কোটির জন্য ৫০০০/- এবং পরবর্তী অবশিষ্ট ঋণের টাকা বাবদ ০.১০% হারে স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য, তবে ৫ কোটির বেশি নয়।<br>** অনূর্ধ্ব ৫ লাখ টাকা হইলে ১% হারে কিন্তু ২০০ টাকার কম ও ৫০০ টাকার অধিক নহে, ৫ লাখের উর্ধ্বে কিন্তু অনূর্ধ্ব ২০ লাখ টাকা হইলে ০.২৫% হারে কিন্তু ১৫০০ টাকার কম ও ২০০০ টাকার অধিক নহে, ২০ লাখ টাকার উর্ধ্বে হইলে ০.১০% হারে কিন্তু ৩০০০ টাকার কম ও ৫০০০ টাকার অধিক নহে।<br>বিঃ দ্রঃ পাঁচ লক্ষাধিক টাকার বন্ধকী দলিল নিবন্ধনকালে ঋণ গ্রহীতার আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক উপস্থাপন করিতে হইবে। এছাড়া যেকোন বন্ধকী দলিল নিবন্ধকালে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ঋণ গ্রহণের মঞ্জুরীপত্র সংযোজন করতে হবে। |
| ৮. | অপ্রত্যাহারযোগ্য পাওয়ার অব অ্যাটর্নি (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান) | ২০০০/- | ১০০/- | প্রযোজ্য নয় | বিঃ দ্রঃ রেজিস্ট্রেশন আইন-১৯০৮ এর ৫২ক ধারা অনুযায়ী দলিল প্রস্তুত ও সংযুক্তি আবশ্যক । |
| ৯. | উইল বা অছিয়তনামা | প্রযোজ্য নয় | ২০০/- | প্রযোজ্য নয় | বিঃ দ্রঃ দাফন ও ঋণ পরিশোধের পর উদ্বৃত্ত সম্পত্তির এক তৃতীয়াংশের বেশি উইল মুলে হস্তান্তর করা যায় না। এর বেশি উইল করিলেও এক তৃতীয়াংশের বেশি কার্যকর হইবে না। |
| ১০. | সেটেলমেন্ট বা ওয়াকফ নামা | ১.৫% | ১% তবে সর্বনিম্ন ১০০ টাকা। | স্থানীয় সরকার কর ৩% (প্রযোজ্য ক্ষেত্রে) | বিঃ দ্রঃ ১। ওয়াকফকৃত সম্পত্তি হস্তান্তরযোগ্য নয়।<br>২। ওয়াকফ আওলাদের ক্ষেত্রে স্থানীয় সরকার কর প্রযোজ্য।<br>৩। নিবন্ধনকৃত ধর্মীয় বা দাতব্য প্রতিষ্ঠানের অনুকুলে যেকোন দান সংক্রান্ত হস্তান্তর দলিলের ক্ষেত্রে স্থানীয় সরকার কর প্রযোজ্য নয়। |
| ১১. | অংশীদারিত্ব দলিল | *স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য | ১০০/- | প্রযোজ্য নয় | *মূলধন অনূর্ধ্ব ১,০০,০০০/- টাকা হইলে ২,০০০/- টাকা এবং অন্যান্য ক্ষেত্রে ৪,০০০/- টাকা স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য । |
| ১২. | মুক্তিপত্র বা না-দাবি দলিল | *স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য | ১% তবে সর্বনিম্ন ১০০ টাকা। | স্থানীয় সরকার কর ও উৎস কর বিক্রয় দলিলের ন্যায় প্রযোজ্য। তবে ভ্যাট প্রযোজ্য নয়। | *পণ মূল্য অনূর্ধ্ব ৩০০০/- টাকা হইলে ১০০/- টাকা এবং অন্যান্য ক্ষেত্রে ৩০০/- টাকা স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য।<br>বিঃ দ্রঃ ভুলক্রমে প্রস্তুতকৃত স্বত্বলিপি সংশোধনের নিমিত্তে দলিল করার ক্ষেত্রে উৎস কর প্রযোজ্য নয়। |
| ১৩. | ভ্রম সংশোধন দলিল | ৩০০/- | ১০০/- | প্রযোজ্য নয় | বিঃ দ্রঃ কবলা, বন্ধকী ও নিরূপণ দলিল ব্যতীত অপর কোন দলিলের ক্ষেত্রে স্ট্যাম্প শুল্ক মওকুফযোগ্য নয়। তবে উপর্যুক্ত দলিলের স্ট্যাম্প শুল্ক মওকুফের জন্য ২০/- টাকার কোর্ট ফিসহ আবেদন করা না হইলে স্ট্যাম্প শুল্ক আদায়যোগ্য। অন্যান্য দলিলের ক্ষেত্রে মূল দলিলের ন্যায় স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য হইবে। উলেখ্য যে, এই দলিলের মাধ্যমে মূল দলিলের মৌলিক বা বস্তুগত কোন পরিবর্তন করা যায় না । |
| ১৪. | পুনঃহস্তান্তরপত্র বা পুনঃসমর্পণপত্র বা বন্ধকী অবমুক্তবরণ | *স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য | ১০০/- | প্রযোজ্য নয় | * বন্ধকী সম্পত্তি অনূর্ধ্ব ৫০০০/- টাকা হইলে ১.৫% কিন্তু অন্যান্য ক্ষেত্রে ৫০০/- টাকা স্ট্যাম্প শুল্ক প্রযোজ্য হইবে । |
| ১৫. | ট্রাস্ট দলিল | ০.১% তবে সর্বোচ্চ ১০ লাখ | *এ ফিস প্রযোজ্য | **স্থানীয় সরকার কর, ১২৫ ধারায় উৎস কর বিক্রয় দলিলের ন্যায় প্রযোজ্য। তবে ভ্যাট প্রযোজ্য নয়। | *দলিলের মূল্য অনূর্ধ্ব ৪০০০/- টাকা হইলে ২% তবে ১০০/- টাকার কম নয়, আর দলিলের মূল্য ৪০০০/- টাকার উর্ধ্বে হইলে ২৫০০/- টাকা এ ফিস প্রযোজ্য হইবে ।<br>**স্থাবর সম্পত্তি সংক্রান্ত না হইলে কর, হলফনামা ও ই ফিস প্রযোজ্য নয় |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১। ফিস, স্ট্যাম্প শুল্ক ও করাদি দলিলে উলেখিত সম্পত্তির মোট মূল্যের উপর হিসাব করিতে হইবে ।
২। সব দলিলের ক্ষেত্রেই ই ফিস ১০০/- টাকা প্রযোজ্য।
৩। সব দলিলের ক্ষেত্রেই প্রতি ৩০০ শব্দবিশিষ্ট ১ পৃষ্ঠা বা উহার অংশের জন্য এন ফিস বাংলা, ইংরেজী বা উভয় ভাষার ক্ষেত্রে ২৪/- টাকা এবং এনএন ফিস বাংলা, ইংরেজী বা উভয় ভাষার ক্ষেত্রে ৩৬/- টাকা প্রযোজ্য হইবে ।
৪। স্থাবর সম্পত্তির যেকোন দলিলের ক্ষেত্রে ৩০০/- টাকার স্ট্যাম্পে হলফনামা সংযুক্ত করিতে হইবে ।
৫। ভিজিট ফি ৩০০/- টাকা ও কমিশন ফি ২০০/- টাকা প্রযোজ্য। এছাড়া কিলোমিটার প্রতি ১৬/- টাকা হারে জে(২) ফিস প্রযোজ্য।
৬। এছাড়া তালিকায় উলেখ নেই এমন কোন দলিলের স্ট্যাম্প শুল্ক, ফিস ও করাদি নির্ণয়ে সমস্যা হইলে সরাসরি সাব- রেজিস্ট্রারের পরামর্শ গ্রহণ করুন। অধিকিন্তু উপর্যুক্ত তথ্যাদি অত্র কার্যালয়ের ওয়েবসাইট "www.sr.tazumuddin.bhola.gov.bd" -এ আপলোড করা আছে।

### বিজ্ঞপ্তি

১। যে কোন বর্ণনারই হউক না কেন সকল প্রকার আবেদন সাব-রেজিস্ট্রারের নিকট সরাসরি দাখিল করিতে হইবে ।
২। অ্যাটর্নি, রাজস্ব প্রতিনিধি এবং এইরূপ ব্যক্তিগণ যাহারা পেশাগতভাবে সম্পাদনকারীকে শনাক্ত করিয়া থাকেন, সাধারণভাবে তাহাদের স্ব-গ্রাম নিবাসী বা প্রতিবেশী ব্যতীত অন্য কাহাকেও শনাক্ত করিতে অনুমতি দেওয়া হইবে না। সম্পাদনকারীগণকে সম্পূর্ণরূপে শনাক্ত করিতে সক্ষম এইরূপ সামাজিক মর্যাদা সম্পন্ন স্ব-গ্রাম নিবাসী ও প্রতিবেশী সমভিব্যাহারে তাহাদিগকে নিবন্ধন কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা যাইতেছে।
৩) সাব-রেজিস্ট্রার দলিল প্রস্তুতকরণ এবং সঠিক স্টাম্পযুক্তকরণ সংক্রান্ত অধিকারভূক্ত তথ্য বিনা খরচায় দলিলের সম্পাদনকারীগণকে প্রদান করেন, তবে উক্তরূপ তথ্য প্রদানের বিনিময়ে সাব-রেজিস্ট্রার বা তাহার আমলাগণ কর্তৃক কোন সময় কোন প্রকার ফিস বা দস্তুরি গ্রহণ করা হয় না।

### বিজ্ঞপ্তি

"উইল ব্যতীত অন্য সকল প্রকার দলিল যাহা দুই বৎসরের অধিককাল যাবৎ দাবিবিহীন অবস্থায় নিবন্ধন কার্যালয়ে রহিয়াছে উহা বিনষ্টযোগ্য ।"

### যেসব নির্ভুল তথ্য ও উপাদান দলিলে আবশ্যক

১। পক্ষগণের নাম, পিতা ও মাতার নাম এবং ঠিকানা সঠিকভাবে লিপিবদ্ধ হইয়াছে কি-না?
২। হস্তান্তরাধীন সম্পত্তির পরিমাণ, শ্রেণি এবং মূল্য সঠিকভাবে লিপিবদ্ধ হইয়াছে কি-না?
৩। দলিলে হস্তান্তরাধীন সম্পত্তির তফসিল অত্যন্ত গুরুত্বপূর্ণ । দলিলটি নিবন্ধনের পূর্বে তফসিল ভালভাবে যাচাই করুন । তফসিলে উলেখিত সংশিষ্ট ভূমি অফিসের নাম, মৌজা, খতিয়ান, দাগ, পরিমাণ, শ্রেণি সঠিকভাবে লিপিবদ্ধ হইয়াছে কি-না? এখানে বিশেষভাবে উলেখ্য যে, সি.এস, এস.এ, আর.এস পর্চার খতিয়ান, দাগ, শ্রেণি, পরিমাণ পৃথকভাবে লেখা হইয়াছে কি-না লক্ষ্য করুন ।
৪। বিশেষভাবে লক্ষ্য রাখুন যে, অনেক সময় চূড়ান্ত পর্চার খতিয়ান ব্যতীত শুধু খসড়া, ডি.পি. খতিয়ান, এমনকি খতিয়ান ব্যতীত দলিল প্রস্তুত ও নিবন্ধন করা হয়। মনে রাখবেন, ইহা একটি অসম্পূর্ণ দলিল ।
৫। প্রায়ই দেখা যায় যে, দলিল নিবন্ধন করার পর সার্টিফাইড কপি উত্তোলন করে পক্ষগণ দেখেন যে, দলিলে উলেখিত দাগ, খতিয়ান, শ্রেণি, পরিমাণ, অংশ প্রভৃতি ভুল হইয়াছে। মনে রাখবেন, নিবন্ধন আইন, ১৯০৮ -এ এর কোন প্রতিকার নেই । তাই দলিল নিবন্ধনের পূর্বেই অতি গুরুত্বপূর্ণ তথ্যগুলো বারবার যাচাই করুন ।

"দলিল রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রয়োজনীয় সব তথ্য জানুন এবং দ্রুত ও সর্বোত্তম সেবা প্রাপ্তি নিশ্চিত করুন" ।

## মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধন ফিসের তালিকা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ গেজেট প্রকাশের তারিখ ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি. মোতাবেক

| ক্রঃ নং | বিবরণ | ফিসের হার |
|---|---|---|
| ১ | বিবাহের দেনমোহর প্রতি হাজার বা উহার অংশ বিশেষের জন্য (৫ লক্ষ পর্যন্ত) | ১৪/- |
| ২ | দেনমোহরের সর্বনিম্ন অংশের ফি | ২০০/- |
| ৩ | দেনমোহরে ৫ লক্ষের অধিক হলে পরবর্তী প্রতি লক্ষ বা অংশ বিশেষের জন্য | ১০০/- |
| ৪ | তালাক নিবন্ধন ফি (বি/সি/ডি) এর জন্য | ১০০০/- |
| ৫ | বিবাহ ও তালাকের জন্য কমিশন ফি | ৫০/- |
| ৬ | কমিশনে যাতায়াত বাবদ প্রতি কিঃ মিঃ ফি | ১০/- |
| ৭ | বহি তলাশি ফি | ১০/- |
| ৮ | অনুলিপি প্রাপ্তি ফি | ৫০/- |

বিবাহ নিবন্ধন ফি বর কর্তৃক প্রদেয় এবং তালাকের জন্য (চাহিদা অনুযায়ী) যে কোন পক্ষ হইতে প্রদেয়।

### জমি কেনার আগে ক্রেতার করণীয়

১। বিক্রেতার মালিকানা সঠিক আছে কি না?
২। সম্পত্তিতে বিক্রেতার দখল আছে কি না?
৩। হাল রেকর্ড অনুযায়ী খতিয়ান ও দাগ নম্বর সঠিক আছে কি না?
৪। হাল রেকর্ড ও সাবেক রেকর্ড এর মধ্যে মিল রহিয়াছে কি না?
৫। হিস্যা মোতাবেক বিক্রেতার প্রাপ্ত অংশ সঠিক আছে কি না?
৬। রেন্ট সার্টিফিকেট মামলায় জড়িত সম্পত্তি কি না?
৭। হাল সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর (খাজনা) পরিশোধ আছে কি না?
৮। বিক্রেতার নামে নামজারি করা আছে কি না?
৯। অর্পিত/পরিত্যক্ত/অধিগ্রহণকৃত সম্পত্তি কি না?
১০। সরকারি কোন প্রতিষ্ঠানের সম্পত্তি কি না?
১১। নৃ-তাত্ত্বিক জাতি গোষ্ঠীর সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে জেলা প্রশাসক মহোদয়ের "বিক্রয় অনুমতিপত্র" আছে কি না?
১২। খাস জমি কি না?
১৩। বিক্রিত জমিতে সরকারি কোন স্বার্থ জড়িত আছে কি না?
১৪। সর্বসাধারণের ব্যবহার্য বা পাবলিক ইজমেন্ট সম্পত্তি কি না?
১৫। নাবালকের সম্পত্তি কি না?
১৬। নাবালকের সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে আইনগত অভিভাবক বা আদালত কর্তৃক নিযুক্ত অভিভাবক নির্ধারণ করা আছে কি না?
১৭। বিক্রেতা সম্পত্তি উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত হইলে নিবন্ধিত বণ্টননামা দলিল আছে কি না?
১৮। হিন্দু কন্যা সন্তান/বিধবা স্ত্রী এর "জীবন স্বত্ব" শর্তে প্রাপ্য সম্পত্তি কি না?
১৯। সম্পত্তি বিক্রয়/হস্তান্তরের ক্ষেত্রে আদালতের নিষেধাজ্ঞা আছে কি না?
২০। সমর্পিত বা বিক্রেতার ৬০/১০০ বিঘা সিলিং বহির্ভূত সম্পত্তি কি না?
২১। নকশা মোতাবেক জমির অবস্থান ও পরিমাণ সঠিক আছে কি না?
২২। দলিলে বর্ণিত তফসিল অনুযায়ী রেকর্ড সঠিক আছে কি না?
২৩। সম্পত্তি বন্ধক দেয়া আছে কি না?
২৪। বিক্রেতা বায়না বা বিক্রয় চুক্তি সম্পাদন করেছেন কি না?
২৫। বিক্রেতার প্রদর্শিত খতিয়ান ও দলিল সংশিষ্ট ভূমি অফিসে রক্ষিত রেকর্ডপত্রের সাথে মিল আছে কি না?

### দলিল দাখিলের সময়সূচি

"পূর্বাহ্ন ১০ ঘটিকা হইতে অপরাহ্ন ৩ ঘটিকা পর্যন্ত দলিলসমূহ নিবন্ধনের জন্য গ্রহণ করা হইবে ।"

### পাওয়ার অব অ্যাটর্নি বাতিলকরণ

১। কোন ব্যক্তি কর্তৃক প্রমাণীকৃত পাওয়ার অব অ্যাটর্নি বাতিল করিবার কারণ ঘটিলে, পাওয়ার অব অ্যাটর্নি রেজিস্টারে বিষয়টির একটি টীকা লিপিবদ্ধ করিতে সাব-রেজিস্ট্রারকে সক্ষম করিবার জন্য বাতিলকরণের বিষয়টি তাহাকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে ।
২। যদি প্রাপ্তিসাধ্য হয়, তাহা হইলে উক্ত পাওয়ার অব অ্যাটর্নিটি সাব-রেজিস্ট্রারের সম্মুখে দাখিল করিবার জন্যও অনুরোধ করা যাইতেছে যাহাতে সাব-রেজিস্ট্রার লাল কালির পৃষ্ঠাঙ্কন দ্বারা উহা বাতিল করিতে পারেন।
৩। এইরূপ বাতিলকরণের বিজ্ঞপ্তি এই জেলাধীন অন্যান্য সকল কার্যালয়ে প্রেরিত হইবে এবং পাওয়ার অব অ্যাটর্নি বাতিলকারী ব্যক্তি ইচ্ছুক হইলে প্রয়োজনীয় ডাকখরচ প্রদান সাপেক্ষে অন্য যেকোন জেলায়ও এইরূপ বিজ্ঞপ্তি প্রেরণ করা যাইবে ।

**আমি ও আমার কার্যালয় দুর্নীতি মুক্ত।**

সাব-রেজিস্ট্রার, তজুমদ্দিন, ভোলা।